দৈনিক ইত্তেফাক

তারিখ 09 SEP 2017
পৃষ্ঠা ৫ কলাম ৬

# শিক্ষার উন্নয়নে সরকারের গৃহীত পদক্ষেপ সারা বিশ্বে সমাদৃত

—শিক্ষামন্ত্রী

■ সিলেট অফিস

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি বলেছেন, বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা দেশনেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশে এখন প্রতিটি ক্ষেত্রে এগিয়ে চলেছে। শিক্ষার উন্নয়নে সরকারের গৃহীত পদক্ষেপ সারা বিশ্বে সমাদৃত। আমরা বছরের প্রথম দিনে একই সাথে সারা বাংলাদেশে প্রতিটি শিশুর হাতে বই তুলে দিতে পেরেছি, যা অন্য কেউ করে দেখাতে পারেনি। সরকার সাধারণ শিক্ষার পাশাপাশি মাদ্রাসা শিক্ষার উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখছে। বৃহস্পতিবার সিলেটের গোলাপগঞ্জ উপজেলার লক্ষ্মীপাশা ইউপির আহমদ কমিউনিটি সেন্টারে লক্ষ্মীপাশা ইউনিয়ন আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের উদ্যোগে আয়োজিত কর্মিসভায় প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন।

সভায় লক্ষ্মীপাশা আওয়ামী লীগের সভাপতি নুরুল ইসলাম মছলুর সভাপতিত্বে ও ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক শাইজান আহমদ টিপুর পরিচালনায় বক্তব্য দেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মামুনুর রহমান, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রফিক আহমদ প্রমুখ।

সভার পূর্বে শিক্ষামন্ত্রী লক্ষ্মীপাশা ইউপির কোনাচর গ্রামের নিহত মাদ্রাসা ছাত্র নুরুল আলমের বাড়িতে যান এবং নুরুল হত্যায় জড়িতদের দ্রুত শাস্তির আওতায় আনা হবে বলে আশ্বাস দেন।